



প্রেস বিজ্ঞপ্তি

২৫ মে ২০২৪

## ভ্যাট ও আয়কর সনদ জুয়েলারি শো-রুমে প্রদর্শন করুন: বাজুস

আইন মেনে ভ্যাট সনদ ও আয়কর রিটার্ন দাখিলের প্রমাণপত্র সারাদেশের সকল জুয়েলারি প্রতিষ্ঠান সমূহের দর্শনীয় স্থানে প্রদর্শনের জন্য ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন- বাজুস।

আজ বাজুস এক নোটিশের মাধ্যমে জুয়েলারি ব্যবসায়ীদের উদ্দেশ্যে অনুরোধ জানিয়ে বলেছে- জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশনা অনুযায়ী সারাদেশের সকল জুয়েলারি প্রতিষ্ঠানে ব্যবসা সনাক্তকরণ নম্বর বা Business Identification Number (BIN) প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে প্রদর্শন বাধ্যতামূলক। এই নির্দেশনা অমান্যকারীর বিরুদ্ধে আইনে শাস্তির বিধি বিধান রয়েছে।

এছাড়া আয়কর আইন, ২০২৩ এর ২৬৫ ধারায় রিটার্ন দাখিলের প্রমাণ প্রদর্শন করার বিধান এবং উক্ত বিধান পরিপালনের ব্যর্থতায় নিম্নরূপ জরিমানার বিধান সংযোজন করা হয়েছে:

“২৬৫(১) এই আইনের অধীন রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রহিয়াছে এইরূপ করদাতা যাহারা ব্যবসা হইতে আয় রহিয়াছে তিনি রিটার্ন দাখিলের প্রমাণ তাহার ব্যবসার স্থানে সহজে দৃষ্টিগোচর হয় এইরূপ কোন স্থানে প্রদর্শন করিবেন।

২৬৫(২) যেইক্ষেত্রে কোন করদাতা উপ-ধারা (১) এর বিধান পরিপালনে ব্যর্থ হন সেইক্ষেত্রে তিনি উপ কর কমিশনার অনুন ৫(পাঁচ) হাজার টাকা এবং অনধিক ২০ (বিশ) হাজার টাকা পর্যন্ত জরিমানা আরোপ করিতে পারিবেন”

এই অবস্থায় সরকারের নির্দেশনা অনুযায়ী Business Identification Number (BIN) ও রিটার্ন দাখিলের প্রমাণ ব্যবসাস্থলে দৃষ্টিগোচর স্থানে প্রদর্শনের জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

ধন্যবাদসহ

রাশেদ রহমান অমিত

মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট

মোবাইলঃ ০১৭৭৪৪৩১৩৮৭